

সারাদেশ

মা হারালেন সাংবাদিক মিলন উল্লাহ

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৬, ০৯:২২ PM



ইন্ডিপেনডেন্ট টেলিভিশন ও খবরের কাগজের কুষ্টিয়া জেলা প্রতিনিধি সাংবাদিক মিলন উল্লাহর মা রিজিয়া বেগম (৭৫) মারা গেছেন। বৃহস্পতিবার সকাল সোয়া ১১টার দিকে মিরপুর পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের টিঅ্যান্ডটি পাড়ায় নিজ বাসভবনে তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন। ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন।

রিজিয়া বেগম দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। তিনি ডায়াবেটিস, লিভারের জটিলতা ও বার্ধক্যজনিত নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন।

মৃত্যুকালে তিনি দুই ছেলে, আত্মীয়স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর অপর ছেলে আশরাফ হোসেন (আব্দুর রাজ্জাক) মিরপুর পৌরসভার কর আদায়কারী হিসেবে কর্মরত। মরহুমা রিজিয়া বেগম মিরপুর থানার সাবেক পুলিশ সদস্য প্রয়াত কুতুব উদ্দিনের সহধর্মিণী ছিলেন।

পারিবারিক সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার বাদ আসর মিরপুর পৌরসভার ওয়াপদা ঈদগাহ ময়দানে রিজিয়া বেগমের জানাজা অনুষ্ঠিত হবে। পরে ওয়াপদা কবরস্থানে তাঁকে দাফন করা হবে।

সাংবাদিক মিলন উল্লাহর মায়ের মৃত্যুতে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং সাংবাদিক নেতারা গভীর শোক জানিয়েছেন। একই সঙ্গে তাঁরা শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিল
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/ma-haralen-sangbadik-miln-ullah>